গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

স্মারক নংঃ মাউশি/আইসিটিপি-২/৭(অংশ-১)/২০২৪/৭৭০ তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়, ১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য (জুন ২০২৬) নিম্নবর্ণিত শূন্যপদে সরকারি বিধিমোতাবেক ৩ নং কলামে বর্ণিত সাকুল্য বেতনে নিয়োগ/প্যানেলে তৈরীর লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সাকুল্য বেতন | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী (গ্রেড-১৬) | ১৭,০৪৫/- | ০১টি | ৩০/১১/২০২৫ তারিখে সর্বোচ্চ ৩২ বছর | ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের স্নাতক ডিগ্রী। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/প্রকল্পে কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে ন্যূনতম ২ বছর চাকুরির বাস্তব অভিজ্ঞতা। |

**নিয়োগের শর্তাবলীঃ**

(১) আবেদনকারীকে ১ নং সংযুক্তিতে প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য- উপাত্ত প্রদান করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট **www.dshe.gov.bd** এ আবেদন ফরম পাওয়া যাবে।
(২) আবেদনপত্রের সাথে সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ল্যাবপ্রিন্ট কালার ছবি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করতে হবে।
(৩) প্রার্থীর বয়স আবেদনপত্র দাখিলের শেষ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড প্রদত্ত এসএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে বিবেচিত হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।
(৪) সরকারি সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখের সম-সওব্য/টিম-০১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশ পদে বয়সসীমা শিথিলযোগ্য।
(৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নয় এমন কারো সাথে বৈবাহিক সুত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।
(৬) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিত সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় আবেদনফরমে প্রদত্ত তথ্যসমূহ যাচাই এর জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি জমা দিতে হবে:
ক) জাতীয় পরিচয়পত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, খ) কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের মূলকপি, গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও অভিজ্ঞতা সনদ।
(৯) সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
(১০) আবেদনপত্রের সাথে "আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত)" এর নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকার ট্রেজারি চালানের কপি (কোড 1422326) সংযুক্ত করে চাকরির আবেদনপত্রের নির্ধারিত কলামে চালানের বিবরণ উপস্থাপন করতে হবে।
(১১) প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৪.৫"×১০" সাইজের খাম ১০ (দশ টাকা মূল্যমানের টিকেটসহ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(১২) নিয়োগ পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশপত্রের মাধ্যমে অবহিত করা হবে। প্রার্থীকে লিখিত অথবা মৌখিক পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
(১৩) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
(১৪) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
(১৫) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৮/১১/২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়, ১ম সংশোধিত), কক্ষ নং-১২১, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আবদুল গণি রোড, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে/সরাসরি অবশ্যই পৌছাতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

S. Kabir 26.10.25

(প্রফেসর মো. সাহেদুল কবির- ২১১৪)
প্রকল্প পরিচালক
ফোন ০২ ৪১০৫০১০১

সংযুক্তি-১:

## চাকরির আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ০১ | পদের নামঃ | | |
| ০২ | বিজ্ঞপ্তির স্মারক নম্বরঃ | | তারিখঃ |
| ০৩ | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে)ঃ | |
| ০৪ | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বরঃ | | যেকোন একটি |
| ০৫ | জন্ম তারিখঃ (dd/mm/yy) | | |
| ০৬ | জন্মস্থান (জেলা)ঃ | | |
| ০৭ | ৩০/১১/২০২৫ তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস দিন |
| ০৮ | পিতার নামঃ | | |
| ০৯ | মাতার নামঃ | | |

| ঠিকানাঃ | স্থায়ী | বর্তমান |
|---|---|---|
| বাসা ও সড়ক (নাম ও নম্বর)ঃ | | |
| গ্রাম /পাড়া /মহল্লাঃ | | |
| ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| পোষ্ট কোড নম্বরঃ | | |
| উপজেলাঃ | | |
| জেলাঃ | | |

| | | |
|---|---|---|
| ১১ | মোবাইল নম্বরঃ | ই-মেইল (যদি থাকে) |
| ১২ | জাতীয়তাঃ | |
| ১৩ | জেন্ডারঃ | |
| ১৪ | ধর্মঃ | |

১৫ শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | পরীক্ষার সন | পাসের সন | শিক্ষা প্রতিষ্ঠান | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) | | | |
| ১৭ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১৮ | কোটা (টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য(উল্লেখ করুন) |
| ১৯ | চালান নম্বরঃ | | তারিখঃ | |
| ২০ | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) | হ্যা | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর
তারিখঃ